# গাজায় হামাসের জ্যেষ্ঠ কমান্ডারকে হত্যার দাবি ইসরাইলের



ছবি: সংগৃহীত

গাজা উপত্যকায় যৌথ অভিযান চালিয়ে ফিলিস্তিনি সশস্ত্র গোষ্ঠী হামাসের এক জ্যেষ্ঠ সামরিক কমান্ডারকে হত্যার দাবি করেছে ইসরাইলি সামরিক বাহিনী। নিহত আধাম ইব্রাহিম শাবান নাসমান হামাসের গাজা সিটি ব্রিগেডের অপারেশন বিভাগের প্রধান হিসেবে দায়িত্ব পালন করছিলেন বলে জানিয়েছে ইসরাইল।

মঙ্গলবার (২১ জুলাই) এক বিবৃতিতে ইসরাইলি সেনাবাহিনী জানায়, অভ্যন্তরীণ গোয়েন্দা সংস্থা শিন বেতের সহযোগিতায় গত শনিবার নাসমানকে লক্ষ্য করে বিশেষ অভিযান পরিচালনা করা হয়। ওই অভিযানে তাকে হত্যা করা হয়েছে বলে দাবি করেছে তারা।

ইসরাইলি সামরিক সূত্রের ভাষ্য, আধাম ইব্রাহিম শাবান নাসমান এর আগে হামাসের বিশেষ বাহিনী হিসেবে পরিচিত 'নুখবা' ইউনিটের কমান্ডারের দায়িত্বেও ছিলেন। ইসরাইলের দাবি, ২০২৩ সালের ৭ অক্টোবর ইসরাইলের ভূখণ্ডে হামাসের চালানো বড় ধরনের হামলায় নাসমান সরাসরি অংশ নিয়েছিলেন।

সামরিক বাহিনী আরও দাবি করেছে, ওই হামলার সময় বেশ কয়েকজনকে জিম্মি করার ঘটনাতেও নাসমান জড়িত ছিলেন। তবে ইসরাইলের এই দাবির বিষয়ে হামাসের পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো বক্তব্য পাওয়া যায়নি।

সূত্র: আল-জাজিরা।

LENS ASIA